



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ
অধিদপ্তর (জিএসবি)

এবং

সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

সূচিপত্র

কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
উপক্রমণিকা	৬
সেকশন ১. রূপকল্প (Vision); অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৭
সেকশন ২. বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৯
সেকশন ৩. কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ	১০
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	১৬
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি	১৭
সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা	১৮

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)র কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Geological Survey of Bangladesh)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

• সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

জিএসবি সম্প্রতি ৩,৬৪৭ লক্ষ টাকার ১টি উন্নয়ন প্রকল্প এবং ২,৪০২লক্ষ টাকার ১টি কারিগরী সহায়তা প্রকল্প সাফল্যের সাথে বাস্তবায়ন করেছে। বাংলাদেশের আন্তর্জাতিক বর্হিঃসমুদ্র সীমানা নির্ধারণের লক্ষ্যে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর সমুদ্রসীমা সংক্রান্ত বাংলাদেশের দাবীর পক্ষে ভূতাত্ত্বিক ও ভূ-প্রাকৃতিক তথ্য/ উপাত্ত ও প্রমাণাদি সরবরাহ এবং ব্যাখ্যার মাধ্যমে অবদান রেখেছে এবং এর ধারাবাহিকতায় আনক্লজ (UNCLOS)টেকনিক্যাল টিমে জিএসবি'র একজন কর্মকর্তা প্রতিনিধিত্ব করছেন।

স্থাপনকৃত ভূমিধ্বস আগাম সংকেত (Landslide Early Warning System /LEWS)এর মাধ্যমে ভূমিধ্বসের ফলে জান-মালের ক্ষয়ক্ষতি কমানো সম্ভব হয়েছে এবং এ কার্যক্রমটি সরকারের এটুআই প্রকল্পে নতুন উদ্ভাবনী হিসাবে মূল্যায়িত হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় সংগ্রহকৃত Ground Penetrating Radar (GPR)-এর মাধ্যমে ডিএন্ডডি এবং তুরাগ বাঁধে সার্ভের মাধ্যমে দুর্বল স্থানসমূহ চিহ্নিত করা সম্ভব হয়েছে।

ভূমিকম্প বিশেষত: প্লেট মুভমেন্ট সংক্রান্ত মাঠ পর্যায়ে সক্রিয় চ্যুতি নির্ণয়ের জন্য ৭টি গ্রোভাল পজিশনিং সিস্টেম (জিপিএস) যন্ত্র, ভূমিকম্পের তীব্রতা (Intensity) পরিমাপের জন্য ১০টি Accelerometer এবং ভূমিকম্পের মাত্রা (Magnitude) নির্ণয়ের জন্য মোট ৬টি Seismograph স্থাপন করা হয়েছে।

নওগাঁ জেলার বদলগাছী উপজেলার বিলাসবাড়ী ইউনিয়নের তাজপুর এলাকায় জিডিএইচ-৭০/১৫ কূপ খননের মাধ্যমে ৬৭৪.৭২ মিটার গভীরতা থেকে ৭০৪.৯৬ মিটার পর্যন্ত মোট ৩০.১৭ মিটার পুরুত্বের চূনাপাথরের সন্ধান পাওয়া গেছে যা বাংলাদেশে আবিষ্কৃত সর্বোচ্চ পুরুত্বের চূনাপাথর স্তর। একই ইউনিয়নের ভগবানপুর এলাকায় ২য় খনন কূপ (জিডিএইচ-৭১/১৬) কার্যক্রম ৩০.০৪.২০১৭ তারিখে ৯৫২.৯২ মি. গভীরতায় সমাপ্ত হয়েছে। এই খনন কূপে ৬৪২.৯৮ মি. থেকে ৬৭১.৯৫ মি. মিটার গভীরতা পর্যন্ত ২৮.৯৭ মিটার পুরুত্বের চূনাপাথরের স্তর পাওয়া গেছে।

সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলার হাওড় ও বিল অঞ্চলে স্বল্প গভীরতায় (০.৬৬ হতে ১১.৬৭ মিটার) পিট আবিষ্কৃত হয়েছে যার পুরুত্ব ০.১৫-২.৬৭ মিটার এবং মজুদ ৭৫.৬৩ মিলিয়ন টন (শুষ্ক অবস্থায়)। পিটের গড় তাপমান ৫৫৭৫ বিটিইউ, কার্বনের গড় পরিমাণ ২০.৭৯% এবং গন্ধকের গড় পরিমাণ ০.২৩%।

জিএসবি হবিগঞ্জ জেলার মাধবপুর, চুনারুঘাট এবং বাহুবল উপজেলায় মাঝারি মানের ৮৭০ মিলিয়ন টন মজুদ সমৃদ্ধ সাদা মাটি/চীনা মাটি আবিষ্কার করেছে।

বর্তমানে “বাংলাদেশের নদীবিক্ষের বালিতে মূল্যবান খনিজের উপস্থিতি নির্ণয় ও অর্থনৈতিক মূল্যায়ণ” শীর্ষক ডিসেম্বর, ২০১৫ - জুন, ২০১৮ মেয়াদী ৩৫৬২.৭০ লক্ষ টাকা জিওবি অর্থায়নে একটি প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে।

• সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

সমস্যা:

- ১) জনবলের স্বল্পতা;
- ২) নিয়োগ প্রক্রিয়ায় দীর্ঘসূত্রিতা;
- ৩) কর্মকর্তা/কর্মচারীদের যাতায়াতের ক্ষেত্রে যানবাহনের অপ্রতুলতা;
- ৪) বহিরঙ্গন কাজের যন্ত্রপাতির স্বল্পতা;
- ৫) মানব সম্পদ উন্নয়নে বৈদেশিক প্রশিক্ষণের স্বল্পতা;
- ৬) নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে বিঘ্নতা।

চ্যালেঞ্জ:

ভূ-বৈজ্ঞানিক গবেষণা কাজের মাধ্যমে খনিজ সম্পদ অনুসন্ধান, আবিষ্কার, যথাযথ ব্যবহার এবং প্রাকৃতিক দুর্যোগ প্রশমন, আধুনিক ও টেকশই নগরায়ন, সামুদ্রিক খনিজ সম্পদ অনুসন্ধান ও অন্যান্য ভূ-বৈজ্ঞানিক গবেষণালব্ধ কাজের মাধ্যমে সরকারের ২১ শতকের চ্যালেঞ্জ বাস্তবায়নে ভূমিকা পালন।

• ভবিষ্যৎ পরিকল্পনা

জিএসবি'র ৫-বছর মেয়াদী ভবিষ্যৎ পরিকল্পনাসমূহ:

ভূতাত্ত্বিক মানচিত্রায়ন: ১:৫০,০০০ স্কেলে ২০,০০০ বর্গ কি.মি. এলাকার মানচিত্রায়ন।

ভূ-পদার্থিক মানচিত্রায়ন: ১:৫০,০০০ স্কেলে ২,৫০০ বর্গ কি.মি. এলাকার মানচিত্রায়ন।

খনন: ৫টি স্থানে খননের মাধ্যমে অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ ভূগর্ভস্থ খনিজ সম্পদ (কয়লা, চূনাপাথর, সাদামাটি, বিভিন্ন প্রকার আকরিক, কঠিন শিলা ইত্যাদি) অনুসন্ধানের পাশাপাশি ভূপৃষ্ঠস্থ খনিজ সম্পদ যথা - কাঁচবালি, সাদামাটি, পিট, খনিজ বালি ইত্যাদির অনুসন্ধান কাজ অব্যাহত রাখা।

ভূ-বৈজ্ঞানিক কার্যক্রমসমূহ:

- সমুদ্র সম্পদ আহরণের লক্ষ্যে বাংলাদেশের সমুদ্র এলাকার ভূতাত্ত্বিক বৈশিষ্ট্য নিরূপণ ও দুর্যোগ সমীক্ষণ (জুলাই, ২০১৭ - জুন, ২০২২) শীর্ষক প্রকল্পটি অনুমোদন সাপেক্ষে কার্যক্রম শুরু করা হবে। সমুদ্র সম্পদ আহরণের জন্য রিসার্চ শীপ ক্রয়ের মাধ্যমে সমুদ্রে খনিজ সম্পদ অনুসন্ধান, সমুদ্র পৃষ্ঠে ভূ-প্রাকৃতিক এবং ভূ-প্রকৌশল মানচিত্র তৈরী, গভীর সমুদ্রে স্থাপনা নির্মাণের ক্ষেত্রে দুর্যোগ মানচিত্র তৈরী করাই এ প্রকল্পের মূল উদ্দেশ্য।
- বাংলাদেশের উত্তর-পশ্চিম অঞ্চলের স্তর-বিন্যাস ও খনিজ সম্পদ অনুসন্ধান কার্যক্রম (জুলাই, ২০১৬ - জুন, ২০১৯) শীর্ষক প্রকল্পটি অনুমোদন সাপেক্ষে কার্যক্রম শুরু করা।
- আবাসন এবং পরিকল্পিত নগরায়নের ক্ষেত্রে বাংলাদেশের ভূমিকম্প দুর্যোগ সহনীয় নগরায়নের জন্য মানচিত্রায়ন।
- জলবায়ু পরিবর্তন, প্রশমন এবং পরিবেশ সুরক্ষার ক্ষেত্রে জার্মান সরকারের সহযোগিতায় Geo-information for Urban Planning and Adaptation to Climate Change, Bangladesh (GeoUPAC) শীর্ষক একটি কারিগরী প্রকল্প বাস্তবায়নের পরিকল্পনা।

দূর্যোগপূর্ণ এলাকা চিহ্নিতকরণ:

- ভূমিকম্প, নদী ভাঙ্গন, উপকূলীয় এলাকার ভাঙ্গন, জলাবদ্ধতা, ভূমিধ্বস ইত্যাদি দূর্যোগপূর্ণ এলাকাসমূহ সনাক্তকরণ এবং কারণ অনুসন্ধানের কার্যক্রম অব্যাহত রাখা।
- বাংলাদেশের স্তরতন্ত্র, জীবস্তরতন্ত্র, প্যালিনোলজী, পলল তন্ত্র, সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি ও তার প্রভাব, ভূপৃষ্ঠের অধোগমন, নদীর গুতপথ পরিবর্তন ইত্যাদির বিষয়ে মৌলিক গবেষণা কাজ পরিচালনা করা।

মানব সম্পদ উন্নয়ন:

অধিদপ্তরে কর্মরত মানব সম্পদকে যুগোপযুগী করার লক্ষ্যে দেশে-বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ।

সেমিনার/সিম্পোজিয়াম/কর্মশালা আয়োজন:

ভূতাত্ত্বিক অনুসন্ধান কর্মসূচি পরিচালনার মাধ্যমে অঅহরিত তথ্য-উপাত্তসমূহ দেশ তথা বিশ্বের ভূ-বিজ্ঞানীগণের মাঝে ছড়িয়ে দেয়ার লক্ষ্যে নিয়মিত সেমিনার/ সিম্পোজিয়াম/ কর্মশালার আয়োজন করা।

প্রাতিষ্ঠানিক অবকাঠামোগত এবং বৈজ্ঞানিক কর্মকান্ডের উন্নয়ন সাধন:

- ঢাকার মিরপুরস্থ নিজস্ব জায়গায় 'এডভান্স জিওসাইন্টিফিক রিসার্চ সেন্টার' স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া।
 - প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে চট্টগ্রামস্থ নিজস্ব জায়গায় 'নিওটেকটোনিক্স, হ্যাজার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং জিওলজিক্যাল রিসার্চ সেন্টার' স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া।
 - প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে খুলনাস্থ নিজস্ব জায়গায় 'কোস্টাল এন্ড মেরিন জিওলজিক্যাল রিসার্চ সেন্টার' স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া।
- জনসাধারণের মাঝে ভূতাত্ত্বিক জ্ঞান এবং প্রাকৃতিক দূর্যোগ সংক্রান্ত সচেতনতা বিস্তারের উদ্দেশ্যে স্কুল ও কলেজ পর্যায়ে ভূতন্ত্র বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে কাজ করা।

প্রকাশনা:

অধিদপ্তরের মানচিত্র ও ভূ-বৈজ্ঞানিক প্রতিবেদনসমূহ হালনাগাদভাবে প্রকাশ করার ব্যবস্থা গ্রহণ।

২০১৭-২০১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- ভূতাত্ত্বিক মানচিত্রায়ন: ১ঃ ৫০,০০০ স্কেলে ১,০০০ বর্গ কি.মি. এলাকার মানচিত্রায়ন।
- ভূ-পদার্থিক মানচিত্রায়ন: ১ঃ ৫০,০০০ স্কেলে ২০০ বর্গ কি.মি. এলাকার মানচিত্রায়ন।
- নদীবক্ষের বালিতে মূল্যবান খনিজের অনুসন্ধান: ১,৫০০ বর্গ কি.মি. এলাকার নমুনা সংগ্রহ ও বিশ্লেষণ।
- রাসায়নিক মৌলের উপস্থিতি ও পরিমাণ নির্ণয়: ১০ বর্গ কি.মি. এলাকার নমুনা সংগ্রহ ও বিশ্লেষণ।
- খনিজ সম্পদ অনুসন্ধানের লক্ষ্যে ০১টি কূপ খনন কার্যক্রম পরিচালনা।

উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

এবং

সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সন্মত হলেন:

সেকশন ১:

রূপকল্প(Vision); অভিলক্ষ্য (Mission); কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প(Vision): দেশের প্রধানতম ভূবৈজ্ঞানিক প্রতিষ্ঠান হিসেবে খনিজ সম্পদ অনুসন্ধান ও অন্যান্য ভূবৈজ্ঞানিক তথ্য-উপাত্ত সংগ্রহ এবং সরবরাহের মাধ্যমে টেকসই উন্নয়নে সহযোগিতা করা।

১.২ অভিলক্ষ্য(Mission):

- ক. খনিজসম্পদ অনুসন্ধান, আবিষ্কার, মজুদ ও মাননির্ণয়।
- খ. ভূতাত্ত্বিক, ভূপদার্থিক, ও ভূপ্রকৌশল মানচিত্রায়ন।
- গ. প্রাকৃতিক দুর্যোগ বিষয়ে জরিপ ও জনসচেতনতা তৈরী।
- ঘ. টেকসই উন্নয়নে ব্যবহারের জন্য তথ্য-উপাত্তের ভান্ডার তৈরী।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ(Strategic Objectives):

১. তেল ও গ্যাস ব্যতীত দেশের খনিজসমূহের অনুসন্ধান কার্যক্রম জোরদারকরণ;
২. প্রাকৃতিক দুর্যোগ প্রশমন;
৩. মানব সম্পদ উন্নয়ন।

১.৪ কার্যাবলি(Functions):

১. বাংলাদেশে ভূতাত্ত্বিক/ভূ-পদার্থিক/প্রকৌশল ভূতাত্ত্বিক মানচিত্রায়ন পরিচালনা এবং প্রতিবেদন প্রস্তুতকরণ;
২. স্তরায়ন এবং স্তরবিন্যাস অনুসন্ধান পরিচালনার মাধ্যমে শিলাসমূহের আনুক্রম চিহ্নিতকরণ, পারস্পারিক সম্পর্ক এবং বয়স নির্ধারণ;
৩. ভূতাত্ত্বিক, ভূ-পদার্থিক অনুসন্ধান, ভূ-রাসায়নিক গবেষণা এবং পরীক্ষামূলক খনন পরিচালনার মাধ্যমে সম্ভাব্য জ্বালানি খনিজ, বানিজ্যিক শিলা এবং ভূ-গর্ভস্থ সুপেয় পানির আধারের এলাকা এবং মজুদ নির্ণয়;
৪. আবিষ্কৃত প্রাকৃতিক খনিজ সম্পদের মান নির্ণয়, মজুদ নির্ধারণ, অর্থনৈতিক এবং কারিগরী সম্ভাব্যতা যাচাই;
৫. সরকারকে পরিকল্পনা এবং নীতি নির্ধারণের ক্ষেত্রে প্রাকৃতিক সম্পদ, পানি সম্পদ এবং পরিবেশ সম্পর্কিত পরামর্শ প্রদান। অবকাঠামো উন্নয়নে সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা, নীতিনির্ধারক এবং পরিকল্পনাবিদগণকে পরামর্শ ও সহযোগিতা প্রদান। এছাড়াও এ সংক্রান্ত প্রয়োজনীয় সেমিনার/সিম্পোজিয়াম/কনফারেন্স আয়োজন;
৬. নদী অববাহিকা, ব-দ্বীপ এলাকা এবং সমুদ্রে ভূতাত্ত্বিক এবং ভূ-পদার্থিক গবেষণা পরিচালনা;

৭. টেকশই উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন ভূ-বৈজ্ঞানিক গবেষণা কার্যক্রম এবং প্রশিক্ষণ পরিচালনা;
৮. বিভিন্ন আন্তর্জাতিক ভূ-বৈজ্ঞানিক সংস্থার সাথে যোগাযোগ রাখা; ভূ-বৈজ্ঞানিক জার্নাল এবং প্রবন্ধ/প্রতিবেদনসমূহ আদান-প্রদান এবং বিভিন্ন প্রতিষ্ঠানকে ভূ-বৈজ্ঞানিক পরীক্ষা এবং গবেষণায় সাহায্য ও সহযোগিতা প্রদান;
৯. দেশের যে কোন এলাকায় বড় আকারের ভূমিক্ষস অথবা চ্যুতির কারণে জান-মালের ক্ষয়ক্ষতি নির্ধারণের লক্ষ্যে প্রাথমিক জরিপ পরিচালনা এবং প্রতিবেদন প্রস্তুতকরণ;
১০. পূর্ববর্তী ভূমিকম্পসমূহের ডাটাবেজ প্রস্তুতকরণ ও রক্ষণাবেক্ষণ এবং বর্তমানে সংগঠিত ভূমিকম্পসমূহের ক্রমানুসারিক জরিপ/অনুসন্ধান এবং গবেষণা পরিচালনা করা। এ সকল গবেষণালব্ধ ফলাফল বিভিন্ন সরকারি সংস্থা, প্রিন্ট এবং ইলেক্ট্রনিক মিডিয়াতে প্রচারের মাধ্যমে জনসাধারণের মধ্যে সচেতনতা সৃষ্টি।

সেকশন ২:

দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator)	একক (Unit)	প্রকৃত		লক্ষ্যমাত্রা ২০১৭-১৮	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে সৌখণ্যে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসমূহ (Source of Data)
			২০১৫-১৬	২০১৬-১৭		২০১৮-১৯	২০১৯-২০		
ভূতাত্ত্বিক, ভূ-প্রাকৃতিক ও ভূ-প্রকৌশল মানচিত্র এবং প্রতিবেদন	নির্ধারিত এলাকার কাজ সম্পাদন	বর্গ কি.মি.	৩,৭৫০	৩,৮০০	১,০০০	২,০০০	২,০০০	জিএসবি	
ভূ-পদার্থিক অনুসন্ধান প্রতিবেদন	নির্ধারিত এলাকার কাজ সম্পাদন	বর্গ কি.ম (লাইন কি.মি)	৪০০	৩০০	২০০ (৬৫)	৩০০ (৬৫)	৩০০ (৬৫)	জিএসবি	
নদীবিক্ষের বাগিতে মূল্যবান খনিজের অনুসন্ধান	প্রস্তাবিত এলাকার নমুনা সংগ্রহ ও বিশ্লেষণ	বর্গ কি.মি.	-	১,৪১০	১,৫০০	-	-	জিএসবি	
রাসায়নিক সৌলের উপস্থিতি ও পরিমাণ নির্ণয়	প্রস্তাবিত এলাকার নমুনা সংগ্রহ ও বিশ্লেষণ	বর্গ কি.মি.	-	৪০	১০	২০	২০	জিএসবি	
কুপ খনন	সম্ভাব্য খনিজ সম্পদ আবিষ্কার	নং	০১	০১	০১	০১	০১	জিএসবি	
আপদের ঝুঁকি ত্রাস	পদ্ধতি ব্যবহারের মাধ্যমে আপদের ঝুঁকি ত্রাস	নং	০৩	০৪	০৪	-	-	জিএসবি	
জিএসবি'র কর্মকান্ড জনসামর্থনের মাঝে প্রচার	প্রচার সম্পন্ন	নং	০২	০৩	০২	০২	০২	জিএসবি	
দক্ষতা বৃদ্ধি	প্রশিক্ষণ সম্পন্ন	নং	২৫	২২	২২	২০	২৫	জিএসবি	

সেকশন ৩:

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদনসূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator)	প্রকৃত অর্জন (নং)		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18)					প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯	প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০
						২০১৫-১৬	২০১৬-১৭	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানে নিম্নে		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
[১] তেল ও গ্যাস ব্যতীত দেশের খনিজসমৃদ্ধির অনুসন্ধান কার্যক্রম জোরদারকরণ	৬০.০০	[১.১] ভূতাত্ত্বিক, ভূ-প্রাকৃতিক এবং ভূ-প্রকৌশল মানচিত্রায়ন [১.২] ভূ-পদার্থিক অনুসন্ধান [১.৩] নদীবক্ষেত্র বালিতে মূল্যবান খনিজের অনুসন্ধান [১.৪] বৈশ্লিষিক রসায়ন অনুসন্ধান [১.৫] কুপ খনন	[১.১] প্রস্তাবিত এলাকার কাজ সমাপ্ত [১.২] প্রস্তাবিত এলাকার কাজ সমাপ্ত [১.৩] প্রস্তাবিত এলাকার নমুনা সংগ্রহ ও বিশ্লেষণ [১.৪] প্রস্তাবিত এলাকার নমুনা সংগ্রহ ও বিশ্লেষণ [১.৫] কুপ খনন সমাপ্ত	বর্গ কি.মি. বর্গ কি.মি. (লাইন কি.মি.) বর্গ কি.মি. বর্গ কি.মি.	২৫ ০৮ ১৫ ০২ ১০	৩৭৫০ ৮০০ - - ০১	৩৮০০ ৩০০ ১৪১০ ৮০ ০১	১০০০ ২০০ (৬৫) ১৫০০ ১০ ০১	২০০ ১৮০ (৫৮) ১৩৫০ ৯ -	৮০০ ১৬০ (৫২) ১২০০ ৮ -	৭০০ ১৪০ (৪৬) ১০৫০ ৭ -	৬০০ ১২০ (৩৯) ২০০ ৬ -	২,০০০ ৩০০ (৬৫) - ২০ ০১	২,০০০ ৩০০ (৬৫) - ২০ ০১

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
[২] প্রাকৃতিক দুর্যোগ প্রশমন	১০.০০	[২.১] ভূ-দুর্যোগ কমানোর ক্ষেত্রে নেটওয়ার্কিং-এর মাধ্যমে তথ্য-উপাত আহরণ ও সংশ্লিষ্ট সংস্থাসমূহকে প্রদান	[২.১] উপাত সংগৃহীত	নং	০৫	০৩	০৪	০৪	০৪	০৩	০৩	০২	-	-
[৩] মানব সম্পদ উন্নয়ন	১০.০০	[২.২] বিভিন্ন স্তরে জনসচেতনতা কার্যক্রম আয়োজন	[২.২] কার্যক্রম আয়োজিত	নং	০৫	০২	০৩	০২	০২	০২	০১	০১	০২	০২
		[৩.১] স্থানীয় প্রশিক্ষণ	[৩.১] স্থানীয় প্রশিক্ষণ সম্পন্ন	জন ঘণ্টা	০৫	২০	৬০	৬০	৫৪	৪৮	৪২	৩৬	৬০	৬০
		[৩.২] বৈদেশিক প্রশিক্ষণ	[৩.২] বৈদেশিক প্রশিক্ষণ সম্পন্ন	নং	০২	০৭	০২	০৪	০৪	০৩	০৩	০২	০৩	০৩
		[৩.৩] স্থানীয়/আন্তর্জাতিক সেমিনার, সিম্পোজিয়াম, কনফারেন্স আয়োজন/অংশগ্রহণ এবং তথ্য আদান-প্রদান	[৩.৩] সেমিনার, সিম্পোজিয়াম, কনফারেন্স আয়োজন/অংশগ্রহণ সম্পন্ন	নং	০৩	১৬	১০	১৫	১৪	১২	১১	০৯	১৫	১৫

কলাম-১ কৌশলগত উদ্দেশ্য	কলাম-২ কৌশলগত উদ্দেশ্যের মান	কলাম-৩ কার্যক্রম	কলাম-৪		কলাম-৫ কর্মসম্পাদন সূচকের মান	কলাম-৬					
			কর্মসম্পাদন সূচক	একক		অসাধারণ ১০০%	অতি উত্তম ৯০%	উত্তম ৮০%	চগতি মান ৭০%	চগতি মানের নিম্নে ৬০%	
দপ্তরসংস্থ আর্থিক কৌশলগত উদ্দেশ্যসমূহ											
দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	৬	২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল	নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/ বিভাগে দাখিলকৃত	তারিখ	১	১৯ এপ্রিল	২২ মে	২৪ মে	২৫ মে	২৬ মে	
		মার্চ পর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর	নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত	তারিখ	১	১৫-২০ জুন	-	-	-	-	-
		২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	১৩ জুলাই	১৭ জুলাই	১৮ জুলাই	১৯ জুলাই	২০ জুলাই	২০ জুলাই
		২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরীক্ষণ	ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	১৫ অক্টোবর ১৫ জানুয়ারি ১৫ এপ্রিল ১৫ জুলাই	৩	২	-	-	-
		২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্থবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নির্ধারিত তারিখে অর্থবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	২৪ জানুয়ারি	২৩ জানুয়ারি	২৪ জানুয়ারি	২৫ জানুয়ারি	২৬ জানুয়ারি	২৬ জানুয়ারি
		বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান	বেদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা	সংখ্যা	১	৩	২	১	-	-	-

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪		কলাম-৫	কলাম-৬				
			কলাম-৪	কলাম-৪		কলাম-৬	কলাম-৬	কলাম-৬	কলাম-৬	কলাম-৬
দক্ষতা ও নেতিকতার উন্নয়ন	৩	সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন সময়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণের সময়	জলঘন্টা	১	৬০	৫৫	৫০	৪৫	৪০
		জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন	২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কার্যক্রম প্রণীত ও দাখিলকৃত	তারিখ	১	১৫ জুলাই	৩১ জুলাই	-	-	-
তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন	২	তথ্য বাতায়ন হালনাগাদকরণ	নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	৪	৩	২	-	-
		বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ	তথ্য বাতায়ন হালনাগাদকৃত	%	১	প্রতি মাসের ১ম সপ্তাহ	প্রতি মাসের ২য় সপ্তাহ	প্রতি মাসের ৩য় সপ্তাহ	-	-
			বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	১	১৫ অক্টোবর	২৯ অক্টোবর	১৫ নভেম্বর	৩০ নভেম্বর	১৫ ডিসেম্বর

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪	কলাম-৫	কলাম-৬						
					তারিখ	২৮ ফেব্রুয়ারি	৩০ মার্চ	৩০ এপ্রিল	৩১ মে	২৯ জুন	
কার্যপদ্ধতি ও সেবার মালোত্তমণ	৫	ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন	দস্তুর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত	১							
		সিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর সিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিসূত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ	সিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর সিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিসূত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ	১	%	১০০	২০	৮০			
		সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন	দস্তুর/সংস্থায় কর্মসূত্রে একটি অনলাইন সেবা চালুকৃত	১	তারিখ	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি			
		অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	দস্তুর/সংস্থায় কর্মসূত্রে ৩টি সেবা প্রক্রিয়া সহজীকৃত	১	তারিখ	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি			
		অফিস ভবন ও আসিানা পরিচ্ছন্ন রাখা	নিষ্পত্তিকৃত অভিযোগ	১	%	২০	৮০	৭০		৬০	৫০
কর্মপরিবেশ উন্নয়ন	৩	সেবা প্রত্যক্ষী এবং টয়লেটসহ অপেক্ষাগার (Waiting Room) -এর ব্যবস্থা করা	নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আসিানা পরিচ্ছন্ন	১	তারিখ	৩০ নভেম্বর	৩১ ডিসেম্বর				
		সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা	নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যক্ষী এবং টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত	১	তারিখ	৩০ নভেম্বর	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি			
আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন	১	অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা	১	তারিখ	৩০ নভেম্বর	৩১ ডিসেম্বর				
			বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	১	%	৫০	৮৫	৩৫	৩০	৩০	

আমি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীনস্থ বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের মহাপরিচালক এর দায়িত্বে নিয়োজিত হিসাবে সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট দপ্তরকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।


স্বাক্ষরিত:



মহাপরিচালক
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)

২২/০৬/২০১৭

তারিখ:



সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

২২/০৬/২০১৭

তারিখ: